

আমি কি কোভিড-19 এর টিকা, পরীক্ষা এবং যত্নের জন্য যোগ্য?



অভিবাসন অবস্থা নির্বিশেষে, বিনা অনুমতিতে যুক্তরাজ্যে বসবাসরত যেকোনো ব্যক্তির সহ, কারো কাছ থেকেই এসব ক্ষেত্রে খরচ নেওয়া হবে না:

- কোভিড-19 এর **পরীক্ষা** (এমনকি যদি পরীক্ষাতে দেখা যায় যে তাদের কোভিড-19 নেই)
- কোভিড-19 -এর **চিকিৎসা** অথবা শিশুদের মাল্টিসিস্টেম ইনক্ল্যাম্যাটরি সিনড্রোম এর চিকিৎসা
- কোভিড-19 প্রতিরোধে **টিকাদান**



কোনো ইমিগ্রেশন চেক কি হবে?

আপনাকে যদি কেবল কোভিড-19 এর জন্য পরীক্ষা, চিকিৎসা এবং টিকা দেওয়া হয়, তাহলে **কোন ইমিগ্রেশন চেকের প্রয়োজন হবে না।**

মাইগ্র্যান্ট হেলথ গাইড-এ আরো তথ্য রয়েছে, যা বিভিন্ন ভাষায় পাওয়া যায়:

<https://www.gov.uk/government/collections/migrant-health-guide-countries-a-to-z>



আমি যদি কোনো জিপির সাথে নিবন্ধিত না থাকি তাহলে কী হবে?

অভিবাসন অবস্থা নির্বিশেষে সকলেরই একটি জিপি সার্জারিতে নিবন্ধিত হওয়ার এবং বিনামূল্যে প্রাথমিক যত্নের পরিষেবাগুলো পাওয়ার অধিকার রয়েছে। আপনার ঠিকানা বা আইডি বা এনএইচএস নম্বর -এর প্রমাণের দরকার নেই। নিবন্ধন করতে আপনার স্থানীয় জিপি সার্জারিতে ফোন করুন অথবা এখানে একজন জিপি খুঁজে নিন:

www.nhs.uk/register



কোভিড-19 টিকা সম্পর্কে আমি স্বাধীন পরামর্শ কোথায় পেতে পারি?

ব্রিটিশ রেড ক্রস -এর সাথে অংশীদারিত্বে, ডক্টরস অব দ্য ওয়ার্ল্ড অভিবাসী এবং অন্যান্য কমিউনিটির জন্য অনুদিত করোনাভাইরাসের টিকাদান নির্দেশিকা প্রস্তুত করেছে:

<https://www.doctorsoftheworld.org.uk/coronavirus-vaccine-information/>



আমার যদি উপসর্গ না থাকে তাহলে আমি কি পরীক্ষা করাতে পারব?

করোনাভাইরাসে আক্রান্ত প্রতি 3 জনের মধ্যে 1 জনের কোনো লক্ষণ দেখা যায় না।

টেস্টিংয়ের মাধ্যমে, আমরা অন্য মানুষদের মাঝে করোনাভাইরাসের বিস্তার রোধ করতে পারবো।

পরীক্ষা বা হোম টেস্ট কিট বুক করতে অনলাইনে www.suffolk.gov.uk/coronavirus-covid-19/getting-a-test/ যান অথবা 0333 772 6144 নম্বরে কল করুন (দোভাষী পাওয়া যায়)।



আপনার টিকা দেওয়া থাকুক বা না থাকুক, আপনি কোভিড-19 -এ আক্রান্ত হতে পারেন এবং অন্য ব্যক্তিদের মধ্যে ছড়াতে পারেন, তাই এখনো মনে রাখবেন, 'হাত'। মুখ। দূরত্ব':

হাত - আপনার হাত নিয়মিতভাবে এবং 20 সেকেন্ড ধরে ধুয়ে ফেলুন

মুখ - ঘরের ভিতরে নাক এবং মুখের উপরে একটি মুখাবরণী পরে থাকুন

দূরত্ব - আপনি যাদের সাথে বাস করেন না তাদের থেকে যেখানে সম্ভব সেখানে 2 মিটার দূরত্ব বজায় রাখুন